গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০. ৪৩২

তারিখ: ০৩/ ১১ /১৪২৯ বঙ্গাব্দ।
১৬/০২ /২০২৩ খ্রিষ্টাব্দ।

**শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদ্‌যাপন প্রসঙ্গে।**

প্রতি বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে আগামী ২১ ফেব্রুয়ারি-২০২৩ খ্রি:, মঙ্গলবার যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপমহাপরিচালক (রেঞ্জ)/ পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), ব্যাটালিয়ন অধিনায়ক, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠান সমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন।

২। **শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি নিম্নরূপ:**

ক। **সাধারণ ছুটি**। দিবসটি উদ্‌যাপনের নিমিত্তে দিনটি সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

খ। **জাতীয় পতাকা অর্ধনমিত**। ঐদিন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়সমূহে "দি ফ্ল্যাগ রুলস্" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক নিয়মে এবং সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

গ। **পুষ্পস্তবক অর্পণ**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কর্তৃক নিকটস্থ শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবেন। এ সংক্রান্ত বিষয়ে স্থানীয় প্রশাসনের সহিত যথাযথ সমন্বয়পূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(i) **পোশাক:** আনুষ্ঠানিক (মেডেলসহ)।

ঘ। **মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত/দোয়া**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল মসজিদে ঐদিন বাদ জোহর ভাষা শহিদগণের বিদেহী রুহের মাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও জাতির সুখ, শান্তি, সমৃদ্ধি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত/দোয়ার ব্যবস্থা করতে হবে।

(i) **পোশাক:** প্রেয়ার ড্রেস/মার্জিত।

ঙ। **স্কুল এন্ড কলেজ**। ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে এ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন পূর্বক বর্ণিত অনুষ্ঠানসমূহ সম্পন্ন করতে হবে।

৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।

১৬/০২/২৩

এ.এস.এম. সাখাওয়াৎ হোসাইন
বিএডি-১২০১৫৫
উপপরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৭৫২৬
ই-মেইল: ddadmin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৩.২০. ৪৩২

তারিখ: ০৩/ ১১ /১৪২৯ বঙ্গাব্দ।
১৬/০২ /২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি :

১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।

২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ,,

৩। কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

| | | |
|---|---|---|
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্ব প্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী..............রেঞ্জ............। | " |
| ৬। | পরিচালক (সকল)..........................................................।<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৭। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>...............আনসার ব্যাটালিয়ন...........................................। | " |
| ৮। | পরিচালক, ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার। | " |
| ৯। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা,ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক<br>আনসার ফোর্স হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১১। | নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল)....আইসিটি.........................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | উপপরিচালক (প্রাশসন-উইং)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তরে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত /দোয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা কমান্ড্যান্টের কার্যালয় ..............................................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল)<br>ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার.......................................। | " |
| ১৬। | ওআইসি, ডিএমপি ২০০০ গ্রুপ, ঢাকা। | " |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, গাজীপুর ও কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা। | " |
| ১৮। | তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | " |
| ১৯। | অধ্যক্ষ<br>ভাষা শহিদ আব্দুল জব্বার আনসার-ভিডিপি স্কুল এন্ড কলেজ সফিপুর, গাজীপুর | ভাষা শহিদ আব্দুল জব্বার আনসার-ভিডিপি স্কুল এন্ড কলেজে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২০। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি অত্র বাহিনীর ওয়েব সাইটে প্রচারের জন্য। |
| ২১। | সহকারী পরিচালক (সকল)...................................................।<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২২। | বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)/মেডিকেল অফিসার/<br>গণসংযোগ কর্মকর্তা/সম্পাদক কাম প্রশাসন (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৩। | ................................(সকল শাখা)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৪। | কন্ট্রোল রুম<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২৫। | অফিস ও মাস্টার কপি। | |

২৬/০২/২৩
উপপরিচালক (প্রশাসন)